

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১০৭৭

৮/ জানাযা (খুড্রি الله আদু الجنائز عن رسول الله

পরিচ্ছেদঃ ৭৫. জানাযা আদায়ে দুই হাত উঠানো (রাফউল ইয়াদাইন)

باب مَا جَاءَ فِي رَفْعِ الْيَدَيْنِ عَلَى الْجَنَازَةِ

আরবী

حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ دِينَارٍ الْكُوفِيُّ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ أَبَانَ الْوَرَّاقُ، عَنْ يَحْيَى بْنِ يَعْلَى الْأَسْلَمِيّ، عَنْ أَبِي فَرْوَةَ، يَزِيدَ بْنِ سِنَانٍ عَنْ زَيْد، وَهُوَ ابْنُ أَبِي أُنَيْسَةَ عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّب، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهُ صلى الله عليه وسلم كَبَّرَ عَلَى جَنَازَةٍ فَرَفَعَ يَدَيْهِ فِي أَوَّلِ تَكْبِيرَةٍ وَوَضَعَ الْيُمْنَى عَلَى الْيُسْرَى . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي هَذَا فَرَأَى أَكْثَرُ أَهْلِ حَديثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي هَذَا فَرَأَى أَكْثُرُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنْ يَرْفَعَ الرَّجُلُ يَدَيْهِ فِي كُلِّ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنْ يَرْفَعَ الرَّجُلُ يَدَيْهِ فِي كُلِّ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنْ يَرْفَعَ الرَّجُلُ يَدَيْهِ فِي كُلِّ تَكْبِيرَةٍ عَلَى الْجَنَازَةِ ، وَهُو قُولُ ابْنِ الْمُبَارِكِ وَالشَّافِعِيِّ وَأَهْلِ الْكُوفَةِ . وَذُكِرَ عَنِ ابْنِ أَمْبُولُ الْعُلْمِ الْكُوفَةِ . وَذُكِرَ عَنِ ابْنِ الْمُبَارِكِ وَالشَّافِورِيِّ وَأَهْلِ الْكُوفَةِ . وَذُكِرَ عَنِ ابْنِ الْمُبَارِكِ أَنَّهُ قَالَ فِي الصَّلَاةِ . وَرَأَى بَعْضُ أَهْلِ الْعِلْمِ أَنْ يَوْبُونَ بَعْضَ لَهُ إِلَّا فِي الصَّلَاةِ . قَالَ أَبُو عِيسَى يَقْبُونُ أَعْلَ الْعِلْمُ أَنْ يُقْطِلُ الْعُلْمَ الْمُبَارِكِ وَالسَّالِهِ كَمَا يَفْعَلُ فِي الصَّلَاةِ . قَالَ أَبُو عِيسَى يَقْبُونُ أَولَا مَنْ يَقْبُونَ إِلَّ أَنْ يَقْبُونَ بَعْمَى الْهِ كَمَا يَفْعَلُ فِي الصَّلَاةِ . قَالَ أَبُو عِيسَى يَقْبُونُ أَلَى الْمَالِهِ كَمَا يَفْعَلُ فِي الصَّلَاةِ . قَالَ أَبُو عِيسَى يَقْبُونُ أَو الْكَلُولُ الْمُ الْمُ الْمُعْلِقُ . قَالَ أَبُو عِيسَى يَقْبُونُ أَلَا الْهَالِهِ عَلَى الْمَالِهِ وَعَلَى الْمَلُولُ الْهُ فَي الصَالِهِ عَلَى الْمَالِهِ عَلَى الْمَالِهِ عَلَى الْمَالِهِ عَلَى الْمِنْ الْمَالِهُ عَلَى الْمَلْ الْعُلُولُ الْمُؤْلُ الْمُؤْلُ الْمُؤْ

বাংলা

১০৭৭। আবু হুরাইরা (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক জানাযা আদায়ে 'আল্লাহু আকবার' বললেন এবং প্রথম তাকবীরেই শুধু হাত দুটোকে উঠালেন (রাফউল ইয়াদাইন করলেন)। ডান হাতকে তিনি বাম হাতের উপর রাখলেন।

– হাসান, আল আহকাম (১১৫, ১১৬)

এ হাদীসটিকে আবু ঈসা গারীব বলেছেন। হাদীসটি শুধুমাত্র উল্লেখিত সূত্রেই আমরা জেনেছি। আলিমগণের মাঝে জানাযায় কাঁধ পর্যন্ত হাত উঠানো প্রসঙ্গে মতের অমিল রয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের



বেশিরভাগ সাহাবী ও অপরাপর আলিমের মতে, জানাযায় প্রতি তাকবীরেই হাত দুটোকে উঠাতে হবে। এরকম মত ইবনুল মুবারাক, শাফিঈ, আহমাদ ও ইসহাকেরও।

অপর একদল বিশেষজ্ঞ আলিম তা শুধুমাত্র প্রথম তাকবীরের সময়ই করতে হবে বলেছেন। এই মত সুফিয়ান সাওরী ও কুফাবাসী আলিমগণের।

ইবনুল মুবারাক বলেন, জানাযায় ডান হাত দিয়ে বাম হাতকে ধরবে না (দুই হাতই ঝুলিয়ে রাখবে)। অপর একদল আলিম বলেছেন, অন্যসব নামাযের অনুরূপ জানাযাতেও ডান হাত দিয়ে বাম হাতকে ধরবে। আবু ঈসা ডান হাত দিয়ে বাম হাত ধরাকেই উত্তম মনে করেছেন।

English

Abu Hurairah narrated:

"The Messenger of Allah said, 'Allahu Akbar' over the deceased, so he raised his hands with the first Takbir, and he placed his right (hand) over his left."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন